বাড়ছে উত্তেজনা, পাকিস্তানকে অস্ত্রবাহী ড্রোন দিচ্ছে চীন

ভারত ও চীনের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। লাদাখ সীমান্তে গলওয়ান উপত্যকায় চীনা সেনাদের সঙ্গে সংঘর্ষের পর সতর্ক অবস্থানে আছে দুই দেশের সেনারা। এরইমধ্যে সামরিক শক্তি বাড়াচ্ছে পাকিস্তান। আর তার নেপথ্য বেইজিং।

ইসলামাবাদকে চারটি অস্ত্রবাহী ড্রোন দিচ্ছে চীন। বলা হচ্ছে, চীন-পাকিস্তান অর্থনৈতিক করিডোর ও গোদার বন্দরে নজর রাখতে এই ড্রোনগুলো ব্যবহার করা হবে। কিন্তু এর পিছনে অন্য উদ্দেশ্য দেখছে বিশেষজ্ঞ মহল।

এ প্রসঙ্গে বলে রাখা ভাল, গোদার বন্দরে ঘাঁটি গেড়ে রয়েছে চীনা নৌবাহিনী। এদিকে বেইজিংকে পাল্টা চাপে রাখতে প্রস্তুত ভারতও। যুক্তরাষ্ট্রের কাছ থেকে অত্যাধুনিক ড্রোন কিনতে আলোচনা শুরু হয়ে গেছে। ফলে উপমহাদেশীয় অঞ্চলে উত্তেজনার পারদ ক্রমশ বাড়ছে।

ভারতীয় সংবাদমাধ্যম বলছে, বেইজিং পাকিস্তান সেনার হাতে দুটি ড্রোন সিস্টেম তুলে দিচ্ছে। প্রতিটিতে দুটি ড্রোন ও একটি করে গ্রাউন্ড স্টেশন আছে। ড্রোনগুলো উইং লুং টু- এর অত্যাধুনিক রূপ। পাকিস্তানের সেনার ব্যবহারের জন্য এই ড্রোন তৈরি করা হচ্ছে।

উইং লুং টু আদপে অস্ত্রবাহী ড্রোন, যা একসঙ্েগো ১২টি ক্ষেপণাস্ত্র বহন করতে পারে। পাশাপাশি অনেক উঁচু থেকে নজরদারি চালাতেও ওস্তাদ উইং লুং টু। এশিয়ার বহু দেশে এই ড্রোন বিক্রি করেছে বেইজিং।

এবার সেই তালিকায় পাকিস্তানের নাম জুড়তে চলেছে। ভারত-চীন উত্তেজনার মাঝেই পাকিস্তানের হাতে এই অস্ত্র আসায় কিছুটা হলেও চিন্তিত ভারত।

সূত্র- বিডি প্রতিদিন

[illegible]

[illegible] (Elyments) [illegible]

[illegible]

[illegible]

[illegible]

সশস্ত্র সেনার

কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো ও গভর্নর জেনারেল জুলি পায়েটের বাসভবনের কাছ থেকে এক সশস্ত্র সেনা সদস্যকে গ্রেফতার করা হয়েছে।

গ্রেপ্তারকৃত ৪৬ বছর বয়সী সেনাবাহিনীর ওই সদস্যের নাম কোরি হুরেন। শুক্রবার বিকালে টেলি কনফারেন্সের মাধ্যমে তাকে আদালতে হাজির করা হয়।

তবে সশস্ত্র ওই সেনা সদস্য কেন প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন এলাকায় প্রবেশ করেছিলেন তা এখনও জানা যায়নি।

প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর বাসভবনের সদর দরজার ২০০ মিটারেরও কাছ থেকে তাকে গ্রেফতার করা হয়েছে। তাকে কারাগারে পাঠানো হয়েছে।

আরসিএমপি আরও জানিয়েছে, শুক্রবার হুরেনের সঙ্গে কমপক্ষে একটি বন্দুকসহ বেশ কয়েকটি অস্ত্র ছিল।

হুরেনের বিরুদ্ধে নিষিদ্ধ বন্দুক রাখা, আগ্নেয়াস্ত্র সংরক্ষণ এবং বিপজ্জনক উদ্দেশ্যে আগ্নেয়াস্ত্র রাখাসহ ২২টি অভিযোগ আনা হয়েছে।

ফোনে সংক্ষিপ্ত আদালতের উপস্থিতিতে হুরেন তার পুরো নাম এবং জন্ম তারিখ শান্তভাবে বলেছেন।

তার আইনজীবী মাইকেল ডেভিস মামলাটি ১৭ জুলাই পর্যন্ত স্থগিতের জন্য বলেছেন। সহকারি ক্রাউন অ্যাটর্নি মেঘান কানিংহাম ক্রাউন হুরেনকে মুক্তি দেয়ার বিরোধিতা করেছেন।

ঘটরার সময় ট্রুডো বা তার পরিবার কেউই তাদের রিদাউয়ের বাড়িতে ছিলেন না। গভর্নর জেনারেল জুলি পায়েতও রিদাউ হলে ছিলেন না।

কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো শুক্রবার বলেছেন, কেউই এ ধরনের ঘটনা প্রত্যাশা করেন না। সতর্কতার জন্য তিনি তার নিরাপত্তা কর্মীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

এক বিবৃতিতে কানাডার সশস্ত্র বাহিনী বলেছে, হুরেন চতুর্থ রেঞ্জের পেট্রোল গ্রুপের একজন মাস্টার কর্পোরাল। কোভিড -১৯ মহামারীর সময় তিনি অস্থায়ীভাবে পূর্ণকালীন ডিউটিতে রিজার্ভ ছিলেন।

তবে গ্রেফতারের সময় তিনি সিএএফের কোনও সামরিক কাজে ছিলেন না। তিনি কমান্ডারের কমান্ড না জেনে নিজের ইচ্ছামতো অটোয়ায় যাত্রা করেছিলেন।

উল্লেখ্য, সন্দেহভাজন কোরি হুরেন বৃহস্পতিবার ভোরবেলায় একটি গাড়ি নিয়ে সংশ্লিষ্ট এলাকায় ঢুকে পড়েন। তিনি গাড়ি নিয়ে প্রধানমন্ত্রী ও গভর্নর জেনারেলের সরকারি বাসভবনের দিকে যেতে থাকেন।

একপর্যায়ে গাড়ি নষ্ট হয়ে গেলে তিনি পায়ে হেঁটে এগিয়ে যেতে থাকেন। কোনো ধরনের অঘটন ছাড়াই তাকে ধরে ফেলে টহল পুলিশ। সূত্র-যুগান্তর

কাশ্মীরের হৃদয়বিদারক সেই ছবি নিয়ে আফ্রিদির টুইট

বুধবার বিশ্বজুড়ে সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়ে ভারতনিয়ন্ত্রিত কাশ্মীরের এক হৃদয়বিদারক ঘটনার কয়েকটি ছবি।

যেখানে দেখা গেছে, রাস্তায় পড়ে থাকার দাদার রক্তাক্ত লাশের বুকের ওপর বসে কাঁদছে ৩ বছরের নাতি। আরেকটি ছবিতে দেখা গেছে, মৃত দাদাকে রেখে ভারতীয় সৈন্যের দিকে এগিয়ে যাচ্ছে অবুঝ শিশুটি।

ভাইরাল সেসব মর্মান্তিক ছবি নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যম টুইটারে সরব হয়েছেন সদ্য করোনাজয়ী পাকিস্তান ক্রিকেটের সাবেক অধিনায়ক শহীদ আফ্রিদি।

ঘটনার দিনই টুইটারে তিনি লিখেছেন, ‘একটি শিশুকে দেখা যাচ্ছে তার দাদার গুলিবিদ্ধ লাশ ও অস্ত্রধারী সৈন্যের মাঝখানে। কি নির্মমতা! কাশ্মীরিদের দুর্দশার চিত্র আসলে কোনো ছবি দিয়ে বর্ণনা করা সম্ভব নয়।’

বিভিন্ন ভারতীয় সংবাদমাধ্যমের খবর, নিহত ৬৫ বছর বয়সী কাশ্মীরি নাগরিকের নাম বশির আহমেদ খান। তাকে হত্যা করা হয়নি দাবি করে

কাশ্মীর পুলিশের মহাপরিদর্শক বিজয় কুমার সাংবাদিকদের জানিয়েছেন, ওইদিন সোপোর এলাকায় বিদ্রোহীদের সঙ্গে নিরাপত্তা বাহিনীর সদস্যদের বন্দুকযুদ্ধের মধ্যে পড়েন বশির আহমেদ। এতে তিনি নিহত হন। এই ঘটনায় এক নিরাপত্তা কর্মকর্তা নিহত ও তিন সদস্য আহত হন।

তবে কাশ্মীর পুলিশের মহাপরিদর্শকের এমন দাবিকে উড়িয়ে দিয়েছে মৃতের ছেলে সুহেইল আহমেদ।

তার যুক্তি ‘এটা যদি বন্দুকযুদ্ধই হয় তাহলে বাবার লাশ তার চালানো গাড়ির ভেতর থাকার কথা। কিন্তু সেটি রাস্তার ওপর এলো কী করে?’ সুত্র-যুগান্তর

বিএসএফের সঙ্গে ‌‌‘তর্ক’ করায় বাংলাদেশিকে গুলি করে হত্যা

চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলার তেলকুপি সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর (বিএসএফ) গুলিতে এক বাংলাদেশি যুবক নিহত হয়েছেন।

নিহত জাহাঙ্গীর (৪৫) শিবগঞ্জ উপজেলার শাহবাজপুর ইউনিয়নের তেলকুপি গ্রামের আইনাল হকের ছেলে।

স্থানীয় একাধিক সূত্র জানায়, শনিবার সকাল ১০টার দিকে তেলকুপি সীমান্ত ফাঁড়িসংলগ্ন এলাকায় মাঠে পাখি ধরার জন্য অবস্থান করছিলেন জাহাঙ্গীর। এ সময় ভারতের চুরিঅনন্তপুর বিএসএফ ক্যাম্পের সদস্যরা তাকে জেরা করেন।

জাহাঙ্গীর বার বার তাদেরকে পাখি শিকারের কথা বললেও বিএসএফ সদস্যরা তাকে চোরাকারবারি বলে সাব্যস্ত করছিলেন। এ নিয়ে তিনি বিএসএফ সদস্যদের সঙ্গে তর্কে জড়িয়ে পড়েন।

এতে ক্ষুব্ধ হয়ে বিএসএফ সদস্যরা তাকে ধরে বেধড়ক পেটানোর পর গুলি করে হত্যা করেন বলে অভিযোগ করেন স্থানীয়রা।

শাহবাজপুর ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ড সদস্য মোফাজ্জল হোসেন ঘটনার সত্যতা যুগান্তরকে নিশ্চিত করেছেন।

চাঁপাইনবাবগঞ্জ ৫৯ বিজিবি ব্যাটালিয়নের এক কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, আপনাদের মতো আমিও বিএসএফের গুলিতে একজন নিহত হওয়ার কথা শুনেছি। বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

এ ব্যাপারে শিবগঞ্জ থানার ওসি শামসুল আলম শাহ যুগান্তরকে বলেন, সীমান্তে জাহাঙ্গীর নামে এক বাংলাদেশি যুবক নিহত হয়েছে। বিস্তারিত জানার চেষ্টা চলছে।

এর আগে গতকাল শুক্রবার ভোরে বেনাপোলের ধান্যখোলা সীমান্তে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর গুলিতে রিয়াজুল (৩২) নামে এক বাংলাদেশি নিহত হন। সুত্র-যুগান্তর

শক্তি বাড়াতে অস্ত্র কিনছে ভারত

ভারতের সঙ্গে চীনের সীমান্ত উত্তেজনা এখন চরমে। উত্তেজনাকর পরিস্থিতিতে চীনকে মোকাবেলায় সেনাশক্তি বাড়াতে প্রায় ৩৮ হাজার ৯০০ কোটি ডলারের অস্ত্র ক্রয়ের অনুমোদন দিয়েছে ভারত।

বৃহস্পতিবার দেশটির প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংয়ের সঙ্গে বৈঠকের পর এ অনুমোদন দিয়েছে ডিফেন্স অ্যাকিউজিশন কাউন্সিল।

এ অনুমোদনের আওতায় ৩৩টি যুদ্ধবিমান, একাধিক ক্ষেপণাস্ত্র ব্যবস্থা এবং অন্যান্য সামরিক সরঞ্জাম কিনবে ভারত।

এর মধ্যে ২১টি মিগ-২৯ বিমান কেনা হবে রাশিয়া থেকে আর ১২টি সুখোই-৩০ বিমান কেনা হবে রাষ্ট্রায়ত্ত সংস্থা থেকে।

এছাড়া বর্তমানে হাতে থাকা ৫৯টি মিগ-২৯ বিমানের উন্নয়ন ব্যয়ও অনুমোদন করেছে ভারতের প্রতিরক্ষা মন্ত্রণালয়। শুক্রবার এনডিটিভি ও আলজাজিরা এ খবর দিয়েছে।

ডিফেন্স অ্যাকিউজিশন কাউন্সিল ভারতের প্রতিরক্ষা সংক্রান্ত কেনাকাটার সিদ্ধান্ত গ্রহণের সর্বোচ্চ পরিষদ। বৃহস্পতিবারের বৈঠকে আকাশ থেকে আকাশে নিক্ষেপযোগ্য ২৪৮টি এএসটিআরএ ক্ষেপণাস্ত্র ক্রয়ও অনুমোদন করা হয়েছে। এই ক্ষেপণাস্ত্র সব আবহাওয়ায় শব্দের চেয়ে দ্রুতগতিতে ছোটা বিমান বিধ্বস্ত করতে সক্ষম।

এছাড়া এক হাজার কিলোমিটার দূরে আঘাত হানতে সক্ষম নতুন পিনাকা ক্ষেপণাস্ত্র ক্রয়ও অনুমোদন করা হয়েছে। ভারতের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এক বিবৃতিতে বলা হয়েছে, বর্তমান পরিস্থিতিতে সীমান্ত প্রতিরক্ষায় সশস্ত্র বাহিনীকে শক্তিশালী করতে এসব সরঞ্জাম ক্রয় প্রয়োজন হয়ে পড়েছে।

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের এক কর্মকর্তার বরাত দিয়ে এনডিটিভি জানায়, নতুন যুদ্ধবিমান অধিগ্রহণ এবং এখনকার যুদ্ধবিমানগুলোর আধুনিকীকরণে মোট খরচ ধরা হয়েছে ৩৮ হাজার ৯০০ কোটি রুপি। দ্রুততার সঙ্গে অগ্রাধিকার ভিত্তিতে এই অধিগ্রহণ ও আধুনিকীকরণ প্রক্রিয়া শেষ করার উপরে বিশেষ জোর দেয়া হয়েছে।

বর্তমান পরিস্থিতিতে প্রতিরক্ষা বাহিনীর শক্তি বাড়ানোর ওপর বিশেষ জোর দিচ্ছে নরেন্দ্র মোদি সরকার। সম্প্রতি রাশিয়া সফরে যান প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং।

ওই সময় রাশিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয়ের সঙ্গে বৈঠকের সময় নতুন যুদ্ধবিমান কেনা এবং এখনকার যুদ্ধবিমানগুলোর আধুনিকীকরণ নিয়ে সবিস্তার আলোচনা হয়। রাশিয়া থেকে মিগ-২৯ যুদ্ধবিমান কেনা ও আধুনিকীকরণে সাত হাজার ৪১৮ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

আর হিন্দুস্তান অ্যারোনটিকস লিমিটেড-হ্যাল থেকে সু-৩০ এমকেআই কেনার জন্য খরচ ধরা হয়েছে ১০ হাজার ৭৩০ কোটি টাকা। যুদ্ধবিমান ছাড়াও পিনাকা ক্ষেপণাস্ত্র ব্যবস্থা, বিএমপি অস্ত্রের আধুনিকীকরণ এবং সেনাবাহিনীর জন্য সফটওয়্যার ডিফাইন্ড রাডার, ভূমিতে হামলার দূরপাল্লার ক্রুজ মিসাইল সিস্টেম এবং বিমান ও নৌসেনার জন্য অস্ত্র ক্ষেপণাস্ত্র কেনার প্রস্তাবেও সবুজ সংকেত দিয়েছে ডিফেন্স অ্যাকিউজিশন কাউন্সিল।

এদিকে ২৭ জুলাই প্রথম ব্যাচে একসঙ্গে ছয়টি রাফাল যুদ্ধবিমান হাতে পেতে চলেছে ভারতীয় বিমান সেনা। গত মে মাসের শেষেই রাফাল জেট ভারতে চলে আসার কথা ছিল। কিন্তু বিশ্বজুড়ে করোনা সংক্রমণের জেরে

উদ্ভূত পরিস্থিতিতে বিলম্ব হচ্ছে।

অস্ত্র তৈরির ক্ষেত্রে দেশের প্রতিরক্ষা খাতের সঙ্গে মাঝারি ছোট ও ক্ষুদ্র শিল্পগুলোকে যুক্ত করা হবে বলে বৈঠকে সিদ্ধান্ত হয়েছে।

এর জন্য কিছু প্রকল্পে দেশীয় পদ্ধতি ব্যবহারের ক্ষেত্রে ৮০ শতাংশ খরচ পড়েব। দেশের শিল্প ক্ষেত্রে ডিআরডিও নতুন প্রযুক্তি ব্যবহার করায় উন্নত মানের অস্ত্র তৈরি করা সম্ভব হচ্ছে। পিনাকা অ্যামিউনিশন, বিএমপি আর্মামেন্টের মানোন্নয়ন এবং সেনার রেডিও, স্থলভাগে অনেক দূরত্বে আঘাত করতে পারে এরকম ক্রুজ মিসাইল প্রায় ৮০ শতাংশ কম খরচে দেশে তৈরি করা হবে।

অস্ত্র তৈরির ডিজাইন এবং তার মানোন্নয়নের জন্য ২০ হাজার ৪০০ কোটি টাকার প্রস্তাব দেয়া হয়েছে।

নতুন এবং অতিরিক্ত মিসাইল তৈরি হলে তিন বাহিনীর শক্তি আরও বাড়বে বলে মনে করা হচ্ছে। পিনাকা মিসাইলের মতো অস্ত্র স্থলভাগে বেশি দূরত্বে আঘাত হানতে সক্ষম।

এক হাজার কিলোমিটার দূর থেকে নির্দিষ্ট লক্ষ্যে আঘাত করে পিনাকা মিসাইল। এ মিসাইল নৌ ও বিমানবাহিনীর শক্তি বৃদ্ধি করবে।

আসামি ধরতে গিয়ে ভারতে দুর্ধর্ষ গোলাগুলি, ৮ পুলিশ সদস্য নিহত

ভারতের উত্তরপ্রদেশের কানপুরে আসামি ধরতে গিয়ে গুলিতে ডেপুটি পুলিশ সুপারসহ কমপক্ষে আট পুলিশ সদস্য নিহত হয়েছেন।

শুক্রবার সকালে উত্তরপ্রদেশ পুলিশের পক্ষ থেকে এ কথা জানানো হয়েছে।

পুলিশ জানায়, চৌবেপুর থানার অন্তর্গত ডিকরু গ্রামে কুখ্যাত অপরাধী বিকাশ দুবেকে ধরার জন্য অভিযান চালিয়েছিল পুলিশ। ৬০টিরও বেশি অপরাধের মামলায় অভিযুক্ত বিকাশ।
লুকিয়ে থাকা অপরাধীকে ধরতে পুলিশের একটি দল এগোনো শুরু করলেই তাদের দিকে ধেয়ে আসে গুলিবৃষ্টি। একটি বাড়ির ছাদ থেকে এলোপাতাড়ি গুলি চালানো হয়।

এতে মৃত্যু হয় ডেপুটি পুলিশ সুপার দেবেন্দ্র মিশ্র, তিন সাব-ইন্সপেক্টর ও চার কনস্টেবলের।

এই সময় জানায়, পুরো ঘটনা সম্পর্কে বিস্তারিত জানান উত্তরপ্রদেশ পুলিশের ডিরেক্টর জেনারেল এইচসি অবস্থি।

পুলিশ যে অভিযান চালাতে যাচ্ছে, অপরাধী সে সম্পর্কে আগাম খবর পেয়ে গিয়েছিল বলে জানান তিনি।

এদিকে নিহত পুলিশ সদস্যদের প্রতি শ্রদ্ধা জানিয়েছেন উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ।

নিহতদের পরিবারকে সমবেদনা জানানোর পাশাপাশি তিনি গোটা ঘটনার রিপোর্ট চেয়ে পাঠিয়েছেন। সূত্র: টাইমস অব ইন্ডিয়া, এনডিটিভি

নিউজিল্যান্ডের মসজিদে হামলা: আগামী মাসেই সাজা ঘোষণা সেই ব্রেন্টন ট্যারেন্টের

গত বছর নিউজিল্যান্ডের ক্রাইস্টচার্চের দুটি মসজিদে হামলা চালিয়েছিলেন শ্বেতাঙ্গ আধিপত্যবাদী অস্ট্রেলিয়ান ব্রেন্টন ট্যারেন্ট। এতে ৫১ জন মুসল্লি নিহত হন। এই হত্যা মামলায় হামলাকারীকে দোষী সাব্যস্ত করেছেন দেশটির আদালত। আগামী মাসে তার সাজা ঘোষণা করা হবে বলে জানিয়েছেন আদালত।

ট্যারেন্টের মামলার রায় আগেই ঘোষণা করার কথা ছিল। কিন্তু

করোনাভাইরাস সংকটের কারণে দেরি হচ্ছে বলে শুক্রবার নিউজিল্যান্ড সুপ্রিম কোর্টের পক্ষ থেকে বলা হয়েছে। খবর এএফপি’র।

নৃশংস ওই বন্দুক হামলায় অন্তত তিনজন বাংলাদেশিও নিহত হয়েছিল। যেই আল নূরে বেশি হতাহত হয়েছিল, সেখানে জুমার নামাজ আদায় করতে গিয়ে অল্পের জন্য বেঁচে ফেরেন ন নিউজিল্যান্ড সফররত বাংলাদেশ ক্রিকেট দলের সদস্যরা।
ভয়াবহ এই হামলার জন্য দোষী সাব্যস্ত হন চরমপন্থী ২১ বছর বয়সী অস্ট্রেলিয়ান যুবক ব্রেন্টন ট্যারেন্ট। তার বিরুদ্ধে হত্যাচেষ্টা ও সন্ত্রাসবাদী কার্যক্রমসহ অনেকগুলো অভিযোগ আনা হয়েছে। এসব মামলা কার্যক্রম অনেক দূর এগিয়েছেও। কিন্তু কোভিড-১৯ সংকটের কারণে থমকে যায় ট্যারেন্টকে শাস্তি দেওয়ার ঘোষণাটা এখনও আসেনি।

এর মধ্যে নিউজিল্যান্ডে করোনাভাইরাস পরিস্থিতি নিয়ন্ত্রণে চলে এসেছে। দেশটিতে সামাজিক দূরত্ব নেমে চলার বিধিও উঠিয়ে নেওয়া হচ্ছে। ফের চালু হচ্ছে ট্যারেন্ট মামলার রায় কার্যক্রমও।

নিউজিল্যান্ডের সুপ্রিম কোর্টের বিচারক ক্যামেরন ম্যান্ডের জানিয়েছেন, ২৪ আগস্ট ঘোষণা করা হবে ট্যারেন্টের সাজা।

শুক্রবার এক বিবৃতিতে ম্যান্ডের বলেছেন, “নিউজিল্যান্ডে এখন কভিড-১৯ এর সংক্রমণ না থাকায় আমাদের আদালতও স্বাভাবিক কার্যক্রমে ফিরেছে। জনসাধারণ, বিশেষ করে নিউজিল্যান্ডে বসবাসরত ভিকটিম ও তাদের পরিবার আদালতের অধিবেশনে উপস্থিত হতে পারবেন।”

বিচারক জানিয়েছেন, সাজা ঘোষণার জন্য এরই মধ্যে তিনটি দিন নির্ধারণ করা হয়েছে। তবে প্রয়োজন পড়লে আরও বেশি সময় ধরে এর শুনানি চলতে পারে।

নিউজিল্যান্ডে কোনও অপরাধের জন্য মৃত্যুদণ্ডের বিধান নেই। ধারণা করা হচ্ছে, সাবেক জিম ইনস্ট্রাক্টর ট্যারেন্টকে তার বাকি জীবন কারাবাসেই কাটাতে হতে পারে।

সুত্র-যুগান্তর

ভ্যাক্সিনের জন্য অপেক্ষা করতে হবে আরও আড়াই বছর: বিশ্ব স্বাস্থ্য সংস্থা

বিশ্ব স্বাস্থ্য সংস্থার স্পেশাল এনভয় ড. ডেভিড নাবারো জানিয়েছেন, করোনার ভ্যাক্সিনের অপেক্ষায় সারা বিশ্ব। তবে কাঙ্খিত ভ্যাক্সিন হাতে পতে অপেক্ষা করতে হবে আরো অনন্ত আড়াই বছর।

বৃহস্পতিবার ভারতীয় গণমাধ্যম ইন্ডিয়া টুডেকে দেয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, আপাতত করোনা থেকে সম্পূর্ণ মুক্তির কোনো উপায় নেই। যদি কেউ এমনটা দাবি করেন, তাহলে তার প্রমাণ দরকার বলে মনে করেন তিনি।

তিনি বলেন, ভ্যাক্সিন দেয়ার পর কেউ করোনা থেকে সম্পূর্ণ নিরাপদ হচ্ছে কিনা, তা বুঝতে সময় লাগবে। এছাড়া বিশ্বের প্রত্যেকে ভ্যাক্সিন পাচ্ছে কিনা তা নিশ্চিত করার কথা উল্লেখ করে তিনি বলেন, গরিব দেশ হোক বা ধনী দেশ, প্রত্যেকে যাতে ভ্যাক্সিন পায়, সে বিষয়টাও নিশ্চিত করতে হবে।
কিছুদিন আগে বিশ্ব স্বাস্থ্য সংস্থার পক্ষে জানানো হয়, তাদের আশা, করোনাভাইরাসের কয়েক লক্ষ ভ্যাক্সিন তৈরি হবে চলতি বছরেই। আর পরের বছর শেষ হওয়ার আগেই তৈরি হবে ভ্যাক্সিনের ২০০ কোটি ডোজ।

ভ্যাক্সিন কাদের প্রথমে দেয়া হবে, সেই পরিকল্পনা তৈরি করার কাজও শুরু করে দিয়েছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা। চিকিৎসক বা স্বাস্থ্যকর্মীদের আগে দেয়া হবে ভ্যাক্সিন। এছাড়া যাদের বয়স বেশি ও অন্য কোনো রোগে আক্রান্ত, তাদেরও দেয়া হবে প্রথম পর্যায়ে। এছাড়া জেল বা হোম, যেখানে বহু মানুষ একসঙ্গে থাকেন, তাদেরও দ্রুত ভ্যাক্সিন দেওয়ার ব্যবস্থা করা হবে।

বিজ্ঞানীরা যদিও মনে করছেন এখনও করোনা লড়াইয়ে কার্যকরী প্রতিষেধক পেতে ১২ থেকে ১৮ মাস সময় লাগবে। আগের মাসে গ্লোবাল ফার্মাসিউটিক্যালসের ফিজার জানিয়েছিল, অক্টোবরের শেষেই করোনা প্রতিষেধক তৈরি হয়ে যাবে।

এখন সারা বিশ্বে ১০০ টি প্রতিষেধকের উপর বিভিন্ন স্তরে পরীক্ষা চলছে। কিন্তু পাকাপাকি সুফল নিয়ে করোনার সঙ্গে লড়াই করবে এমন প্রতিষেধকের খোঁজ এখনও ধোঁয়াশায়। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের গবেষণায় নির্মিত প্রতিষেধক আশা দেখাচ্ছে। কিন্তু কবে প্রতিষেধক প্রয়োগে কোভিড আতঙ্ক থেকে মুক্তি মিলবে তা এখনও অনিশ্চিত। সুত্র-যুগান্তর

ভারতে ২৪ ঘণ্টায় ২০ হাজারের বেশি করোনায় আক্রান্ত

ভারতে ২৪ ঘণ্টায় ২০ হাজার ৯০৩ জন করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন। এ নিয়ে দেশটিতে সর্বমোট আক্রান্তের সংখ্যা দাঁড়াল ছয় লাখ ২৫ হাজার ৫৪৪ জনে।

দেশটির গণমাধ্যম এনডিটিভির খবরে বলা হয়েছে, করোনায় ভারতে মৃত্যুর সংখ্যা বেড়ে বর্তমানে ১৮ হাজার ২১৩ জনে পৌঁছেছে। এছাড়া আক্রান্তদের মধ্যে তিন লাখ ৭৯ হাজার ৮৯২ জন ভাইরাসটি থেকে সেরে উঠেছেন।

এদিকে যুক্তরাষ্ট্রে বৃহস্পতিবার নতুন করে ৫৫ হাজার করোনা রোগী শনাক্ত হয়েছেন। বার্তা সংস্থা রয়টার্সের হিসাবে এমন তথ্য পাওয়া গেছে।

বলা হচ্ছে, মহামারীর প্রাদুর্ভাব শুরু হওয়ার পর ২৪ ঘণ্টায় এটিই সবচেয়ে বেশিসংখ্যক কোভিড-১৯ পজিটিভ। গেল সপ্তাহে যুক্তরাষ্ট্রে করোনাভাইরাস সংক্রমণ ব্যাপক হারে বেড়েছে।

এতে নিবিড় পর্যবেক্ষণের মাধ্যমে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের করোনা নিয়ন্ত্রণের চেষ্টা মারাত্মক ঝুঁকিতে পড়েছে। এ ছাড়া কঠোর লকডাউনের পর বেশ কয়েকজন গভর্নর তাদের অর্থনীতিকে সচল করার পরিকল্পনা থেকে সরে এসেছেন।

বৃহস্পতিবার আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৫৫ হাজার ২৭৪ জনে। এর

আগে গত ১৯ জুন ব্রাজিলে ৫৪ হাজার ৭৭১ জনের আক্রান্ত হওয়ার রেকর্ড ছিল।

সপ্তাহ দুয়েক আগে যুক্তরাষ্ট্রে একদিনে ২২ হাজার করোনা রোগী শনাক্ত হয়েছিলেন। আর গত সাত দিন পর পর ৪০ হাজারের বেশি কোভিড-১৯ রোগে আক্রান্ত হয়েছেন।

গত জুনের শুরুর তুলনায় ১৪ দিনে যুক্তরাষ্ট্রের ৫০টি রাজ্যের মধ্যে ৩৭টিতে নতুন সংক্রমণ বেড়েছে। বৃহস্পতিবার এ যাবতকালে সব রাজ্যের মধ্যে ফ্লোরিডায় সবচেয়ে বেশি লোক আক্রান্ত হয়েছেন।

দুই কোটি ১০ লাখ লোকের রাজ্যটিতে এদিন নতুন করে ১০ হাজার লোক সংক্রমিত হন, যা মহামারীর সর্বোচ্চ সংক্রমণের দিক থেকে যে কোনো ইউরোপীয় দেশের তুলনায় বেশি।

চলতি সপ্তাহে যুক্তরাষ্ট্রের সংক্রমণবিষয়ক শীর্ষ বিজ্ঞানী ডা. অ্যান্থনি ফাউসি বলেন, করোনা রোধে দেশজুড়ে সঠিক পদক্ষেপ নেয়া না হলে আক্রান্তের সংখ্যা দিনে এক লাখে পৌঁছাতে পারে। সূত্র-যুগান্তর